



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/9/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা করেছেন, স্টেট শিশুদের মধ্যে COVID-সংক্রান্ত অসুস্থতা চিহ্নিত ও সাড়া দেওয়ার জন্য জাতীয় মানদণ্ড গড়ে তুলতে সাহায্য করছে

*জিনোম ও RNA সিকোয়েন্সিং পরিচালনা করে শিশুদের মধ্যে COVID-সংক্রান্ত অসুস্থতা আরও ভালোভাবে বুঝতে স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ, NY জিনোম সেন্টার এবং রকফেলার বিশ্ববিদ্যালয়ের সাথে অংশীদারি করছে*

*হাসপাতালগুলি কাওসাকির রোগ অথবা বিষাক্ত শক-জাতীয় সিনড্রোমের অনুরূপ লক্ষণযুক্ত শিশুদের মধ্যে COVID-সম্পর্কিত অসুস্থতার 73টি ঘটনা রিপোর্ট করেছে; এই অসুখ নিউ ইয়র্কের তিন জন তরুণের প্রাণ নিয়েছে*

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা দিয়েছেন, রোগ নিয়ন্ত্রণ কেন্দ্র (Centers for Disease Control, CDC)-এর অনুরোধে স্টেট COVID সংক্রান্ত অসুস্থতা শনাক্তকরণ এবং প্রতিক্রিয়া জানাতে জাতীয় মানদণ্ডকে বিকশিত করতে সহায়তা করছে। শিশুদের COVID-সম্পর্কিত অসুস্থতা এবং এই সিনড্রোমের সম্ভাব্য জেনেটিক ভিত্তিকে আরও ভালোভাবে বুঝার জন্য জিনোম ও RNA সিকোয়েন্সিং গবেষণা করার জন্য স্টেট স্বাস্থ্য দপ্তর (State Department of Health), NY জিনোম সেন্টার (NY Genome Center) এবং রকফেলার বিশ্ববিদ্যালয়টির সাথে অংশীদারিত্ব করছে।

নিউ ইয়র্কে এমন 73টি ঘটনা ঘটেছে যেখানে প্রাথমিকভাবে স্কুল-বয়সী শিশুরা সম্ভবত COVID-19 এর কারণে কাওসাকি রোগের মতো লক্ষণ এবং বিষাক্ত শক-জাতীয় সিনড্রোমের সংক্রমণ অনুভব করছে। এই অসুখটি নিউ ইয়র্ক সিটিতে একজন 5 বছর বয়সী, ওয়েস্টচেস্টার কাউন্টির একজন 7 বছর বয়সী ও সুফলক কাউন্টিতে এক কিশোরসহ তিনজন তরুণ নিউ ইয়র্কবাসীর জীবন নিয়েছে।

নিউ ইয়র্কের বাসিন্দাদের দ্রুত সেবা নেওয়ার কথা ভাবতে হবে যদি কোনো শিশুর:

- দীর্ঘস্থায়ী জ্বর (পাঁচ দিনের বেশি) থাকে
- খাওয়াতে অসুবিধা (শিশু) বা খুব অসুস্থ যে তরল পান না করতে পারে
- তীব্র পেটে ব্যথা, ডায়রিয়া বা বমি
- স্বকের রং পরিবর্তন-ফ্যাকাশে হয়ে যাওয়া, সামঞ্জস্যহীন এবং/অথবা নীল
- শ্বাস কষ্ট বা খুব দ্রুত শ্বাস নেওয়া

- রেসিং হাট বা বুক্কে ব্যথা
- প্রঘ্রাবে ফ্রিকোয়েন্সির পরিমাণ কমে যাওয়া
- ক্লান্তি, খিটখিটে মেজাজ বা বিভ্রান্তি প্রকাশ করলে

"COVID-19 এর বিরুদ্ধে লড়াইয়ে এখন আমাদের সামনে একটি নতুন সমস্যা এসেছে যা সত্যিই উদ্বেগজনক এবং এটি আমাদের কনিষ্ঠ নিউ ইয়র্কবাসীদেরকে প্রভাবিত করে," **গভর্নর কুওমো বলেন।** "স্বাস্থ্য দপ্তর বর্তমানে COVID-19 এর জটিলতা হিসেবে শিশুদের রক্তনালীগুলির প্রদাহ অনুভবের 73টি ক্ষেত্রে গবেষণা করছে এবং ইতোমধ্যে এই অসুখের ফলে তিনজন নিউ ইয়র্কবাসী তাদের প্রাণ হারিয়েছে। CDC নিউ ইয়র্ককে এই অসুস্থতার জন্য জাতীয় মানদণ্ড তৈরি করতে বলেছে এবং স্টেট NY জিনোম সেন্টার এবং রকফেলার বিশ্ববিদ্যালয়কে আরও ভালোভাবে এটি বুঝতে সাহায্য করার জন্য একটি গবেষণা করার জন্য কাজ করছে। এটি একটি ভয়ংকর নতুন উন্নয়ন, কিন্তু নিশ্চিত থাকুন আমরা আরও শিখতে এবং অভিভাবকদের অবহিত করার জন্য সবকিছু করছি।"

গভর্নর কুওমোর নির্দেশনায় স্টেট স্বাস্থ্য দপ্তর পরামর্শ নির্দেশনা এই মারাত্মক প্রদাহজনক রোগ সম্পর্কে একটি উপদেশ নির্দেশনা জারি করেছেন, যার নাম "COVID-19 এর সাথে সম্পর্কিত পেডিয়াট্রিক মাল্টি-সিস্টেম ইনফ্লেমেটরি সিনড্রোম," স্বাস্থ্যসেবা প্রদানকারীদের এই প্রদাহের অবস্থা অবহিত করার পাশাপাশি পরীক্ষা এবং প্রতিবেদনের জন্য নির্দেশনা প্রদান করতে। স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীকে, হাসপাতালসহ, 21 বছরের কম বয়সীদের মধ্যে সম্ভাব্য COVID-19-এর সাথে সম্পর্কিত পেডিয়াট্রিক মাল্টি-সিস্টেম ইনফ্লেমেটরি সিনড্রোমের ক্ষেত্রে স্বাস্থ্য বিভাগে রিপোর্ট করতে হবে।

যদিও অধিকাংশ শিশু যারা যুক্তরাজ্যে COVID-19-এর অভিজ্ঞতা লাভ করেছে শুধুমাত্র হালকা উপসর্গ প্রকাশ করেছে, তাদেরও পেডিয়াট্রিক COVID-19 এবং গুরুতর প্রদাহজনক রোগের সাথে একটি সম্ভাব্য লিঙ্ক পাওয়া গেছে। প্রদাহজনক সিন্ড্রোমের এমন বৈশিষ্ট্য আছে যা কাওয়াসাকি রোগ এবং বিষাক্ত শক সিন্ড্রোমের চেয়ে গুরুতর উপসর্গ প্রকাশ করে এবং তীব্র COVID-19 থেকে অসুস্থ হওয়ার পরের দিন থেকে সপ্তাহের মধ্যে তা ঘটতে পারে। এটি ক্রমাগত জ্বর, পেটের উপসর্গ, ফুসকুড়ি, এমনকি কার্ডিওভাসকুলার উপসর্গ প্রকাশ করে এবং এই সকল উপসর্গগুলির ক্ষেত্রে নিবিড় যত্নের প্রয়োজন আছে।

এই উপসর্গ দেখা দিলেই পেডিয়াট্রিক্সের দ্বারা প্রাথমিক পর্যায়ে রোগ চিহ্নিত করতে পারা এবং বিশেষজ্ঞের কাছে ক্রিটিক্যাল কেয়ারের জন্য রেফার করা অপরিহার্য। এই উপসর্গগুলি দেখা দিলেই শিশুদের মধ্যে COVID-19 আছে কি না তা শনাক্ত করতে আণবিক এবং সেরোলজিক্যাল টেস্টিং সুপারিশ করা হচ্ছে। অধিকাংশ রোগী যারা COVID-19 পজিটিভ হয়েছে, যাদের কিছু সংখ্যক SARS-COV-2 শনাক্ত হয়েছে আণবিক টেস্টিংয়ের ফলে, আর অন্যদের সেরোলজিক্যাল টেস্টিং এর ফলে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসারস্বাহিব করুন](#)